

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ খ্রিঃ উদযাপন উপলক্ষে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী :

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।

সভার তারিখঃ ১২/০৭/২০২৩ খ্রিঃ।

সভার সময়ঃ সকালঃ ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উদযাপন সংক্রান্ত উপজেলা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। কমিটির সদস্য সচিব ও উপজেলা মৎস্য কর্মকর্তাকে সভার আলোচ্যসূচী নিয়ে আলোচনা করতে অনুরোধ করা হলে সদস্য সচিব জানান যে, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকার পত্র নং ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৬.২৩-৩৩৫ তারিখ ০৫/০৭/২৩ ইং মোতাবেক আগামী ২৪-৩০ জুলাই/২০২৩ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৩ উদযাপিত হবে। এ বছর জাতীয় মৎস্য সপ্তাহের প্রতিপাদ্য বিষয় হচ্ছে "নিরাপদ মাছে ভরবো দেশ, গড়ব স্মার্ট বাংলাদেশ"। এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে অত্র উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৩ সূষ্ঠভাবে উদযাপনের লক্ষ্যে আগামী ২৪ জুলাই- ৩০ জুলাই/২০২৩ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত কর্মসূচী সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

জাতীয় মৎস্য সপ্তাহ- ২০২৩ ইং

(২৪ জুলাই- ৩০ জুলাই-২০২৩)

দিবস ওয়ারী বিভিন্ন কার্যক্রমের বিবরণঃ

তারিখ	কার্যক্রম	স্থান	বাস্তবায়নে
২৪/০৭/২০২৩ খ্রিঃ (১ম দিন)	জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে উপজেলায় মাইকিং এবং ব্যানার ফেস্টুন এর মাধ্যমে ব্যাপক প্রচারণা ও মতবিনিময় সভা।	উপজেলা পরিষদ কনফারেন্স রুম ও উপজেলার বিভিন্ন স্থান	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
২৫/০৭/২০২৩ খ্রিঃ (২য় দিন)	ব্যানার ফেস্টুন সহযোগে সড়ক র্যালী ও উদ্বোধনী অনুষ্ঠান, উপজেলা পরিষদ পুকুরে পোনামাছ অবমুক্তকরণ, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ।	উপজেলা পরিষদ মিলনায়তন	উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
২৬/০৭/২০২৩ খ্রিঃ (৩য় দিন)	প্রান্তিক পর্যায়ে মৎস্য চাষী ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়।	উপজেলার বিভিন্ন ইউনিয়ন।	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
২৭/০৭/২০২৩ খ্রিঃ (৪র্থ দিন)	মৎস্য চাষীদের মাছচাষ বিষয়ক পরামর্শ সেবা প্রদান, মাটি ও পানির গুনাগুন পরীক্ষা করা।	উপজেলার বিভিন্ন ইউনিয়ন।	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
২৮/০৭/২০২৩ খ্রিঃ (৫ম দিন)	মৎস্য চাষীদের মাছচাষ বিষয়ক পরামর্শ সেবা প্রদান, মাটি ও পানির গুনাগুন পরীক্ষা করা। মৎস্য সেক্টরের বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন।	উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও উপযুক্ত স্থান।	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
২৯/০৭/২০২৩ খ্রিঃ (৬ষ্ঠ দিন)	সুফলভোগীদের মাঝে মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ/ বিভিন্ন উপকরণ বিতরণ।	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।
৩০/০৭/২০২৩ খ্রিঃ (৭ম দিন)	মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপ্তি ঘোষণা।	উপজেলা পরিষদ মিলনায়তন	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সকলে এতে একমত পোষণ করেন। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে আসন্ন মৎস্য সপ্তাহ/২০২৩ সূষ্ঠ ও সফলভাবে উদযাপনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রাশেদুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৩ উদযাপন কমিটি
হাজীগঞ্জ, চাঁদপুর।

স্মারক নং: ৩৩.০২.১৩৪৯.৫০১.২৬.০০১.২৩- ৭২

তারিখ: ১২/০৭/২০২৩খ্রি:।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা।
- ০২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ০৩। জেলা মৎস্য কর্মকর্তা, চাঁদপুর।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ০৬। উপজেলা কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ০৭। অফিস নথি।


উপজেলা মৎস্য কর্মকর্তা

ও

সদস্য সচিব

জাতীয় মৎস্য সপ্তাহ/২০২৩ উদযাপন কমিটি
হাজীগঞ্জ, চাঁদপুর।